

আইসিএআর - ক্রাইজাফ (ICAR - CRIJAF) , ব্যারাকপুর " গণেশ শঙ্কর বিদ্যার্থী হিন্দি পত্রিকা পুরস্কার অর্জন করেছে



শুভ্রম সেন Friday, 23 July 2021 11:45 AM / Krishi Jagaran, Kolkata



Dr. Gouranga Kar (Director, ICAR CRIJAF)

আইসিএআর - সেন্ট্রাল রিসার্চ ইনস্টিটিউট ফর জুট অ্যান্ড অ্যালাইড ফাইবার্স ([ICAR CRIJAF](#)), ব্যারাকপুর ২০১৯-২০ সালের জন্য সম্মানজনক “গণেশ শঙ্কর বিদ্যার্থী হিন্দি পত্রিকা” পুরস্কার অর্জন করেছে ।

এই সংস্থা ‘গ’ ক্ষেত্রের সংস্থাগুলির মধ্যে দ্বিতীয় স্থান লাভ করেছে । হিন্দি পত্রিকা - “বেশা কিরণ” প্রকাশে প্রশংসনীয় ভূমিকার জন্য এই পুরস্কার দেওয়া হয়েছে । হিন্দিতে রচিত এই ম্যাগাজিনের অধ্যায়গুলি কৃষক এবং অন্যান্য স্টেকহোল্ডারদের জন্য প্রয়োজনীয় পাট এবং সহযোগী [তত্ত্ব ফসল](#) সম্পর্কিত অনেকগুলি গুরুত্বপূর্ণ বিষয় বর্ণনা করেছে ।

ভারতীয় কৃষি গবেষণা পরিষদ (ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চ আইসিএআর) , নয়াদিল্লি কর্তৃক প্রদত্ত এই পুরস্কার কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী , শ্রী নরেন্দ্র সিং তোমরের উপস্থিতিতে ১৬ ই জুলাই , ২০২১ তারিখে আইসিএআর - এর ৯৩ তম প্রতিষ্ঠা দিবসের সময় ঘোষণা করা হয়েছে । অন্যান্য গণ্যমান্য ব্যক্তির মধ্যে, কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী , আইসিএআর -এর মহানির্দেশক এবং কৃষি যন্ত্রকের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

আইসিএআর - ক্রাইজাফের নির্দেশক ড . গৌরাঙ্গ কর এই পুরস্কারের জন্য ইনস্টিটিউটের কর্মচারীদের অভিনন্দন জানিয়েছেন এবং হিন্দি রচনায় এবং প্রতিদিনের সরকারী কাজের সময় রাজভাষার অনুশীলনে আরও মনোনিবেশ করার আবেদন জানিয়েছেন । তিনি আরও বলেছেন যে , ইনস্টিটিউট দ্বারা প্রকাশিত হিন্দি পত্রিকার মান উন্নয়নে প্রতিটি কর্মচারীকে অবশ্যই অবদান রাখতে হবে যাতে ভবিষ্যতে এটি জাতীয় পর্যায়েও উচ্চ প্রশংসা অর্জন করে ।

Source : আইসিএআর - ক্রাইজাফ (ICAR - CRIJAF), ব্যারাকপুর